দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 2

৩।

22

06 JAN 1989

# প্রকৌশল বিশ্ববিদ্যালয় সমাচার

॥ বুয়েট সংবাদদাতা ॥

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পদ্ধতির ক্লাস টেস্টের মার্কস কমিয়ে এনে ১০ শতাংশ করা হয়েছে। পূর্বে একটি বিষয়ের মোট মার্কসের ২০ শতাংশের ওপর ক্লাস টেস্ট নেয়া হতো।

গত মঙ্গলবার রাতে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। তবে এই দিদ্ধান্ত এখনো ছাত্রছাত্রীদের নিকট বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হয়নি। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এবং একাডেমিক কাউন্সিলের সচিব আবু তাহের-এর সাথে গতকাল রাতে

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## প্রকৌশল

প্রথম পৃষ্ঠার পর

টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি খবর প্রতিবেদককে এই সিদ্ধান্তের কথ জানান।

উল্লেখ্য, গত ১৫ই অক্টোবর থেকে প্রকৌশল বিশ্ববিদ্যাদলয়ের ছাত্ররা ক্লা টেস্ট বাতিল এবং বর্ধিত ছাত্র বৃত্তির জন্ আন্দোলন শুরু করে। এক পর্যায়ে ২৬শে অক্টোবর কর্তৃপক্ষ বিশ্ববিদ্যাল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন এক মাস পর বিশ্ববিদ্যালয় পুনরা খোলার পরও ছাত্ররা আন্দোলন চালিে যেতে থাকে এবং ক্লাস বর্জন করে পরবর্তীতে অচলাবস্থা নিরসনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা তাদের পূর্বত ক্লাস টেস্ট বাতিলের দাবী থেকে এব ধাপ সরে এসে ক্লাস টেস্টের মার্ক কমিয়ে এনে ১০ শতাংশ করা এবং এ নীতিমালায় আরো কিছু পরিবর্তন করা প্রস্তাব দেয়। এরই পরিপ্রেক্ষিতে গত মঙ্গলবার একাডেমিক কাউন্সিলের সভা ক্লাস টেস্টের মার্কস হ্রাস করার সিদ্ধা হয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের দাবী মেনে নেয়ার ফলে আগামীকাল শনিবার থেকে ছাত্ররা ক্লাবে যাবে।

এদিকে গত ২৩শে ডিসেম্বর রাতে শিক্ষকদের আবাসিক এলাকায় ব্যারিকে ও ভাঙচুরের ঘটনা তদন্তের জন্ কেমিকৌশল বিভাগের প্রফেসর ড ইকবাল মাহমুদের নেতৃত্বে যে তদ কমিটি গঠিত হয় তাতে ছাত্রনেতৃবৃন্দস প্রায় পঞ্চাশ জন ছাত্রের সাক্ষাৎকার নে হয়েছে। আগামী কয়েকদিনের মধ্যে এ কমিটি ঘটনায় জড়িত ছাত্রদের শাি প্রদানের জন্য তার রিপোর্ট ডিসিপ্লিনা কমিটির কাছে পেশ করতে পারে।